



## যশোর পল্লী বিদ্যুৎ সমিতি -১

তপসীডাঙ্গা, যশোর।



### দরপত্র বিজ্ঞপ্তি

০১। যশোর পল্লী বিদ্যুৎ সমিতি-১ কর্তৃক নিজস্ব তহবিলের আওতায় ২০২২-২৩ অর্থ বছরের জন্য নিম্নের বর্ণনা অনুযায়ী মালামাল সংগ্রহের লক্ষ্যে বাংলাদেশী প্রকৃত ব্যবসায়ী / উৎপাদকারী/সরবরাহকারীর নিকট হতে প্রতিষ্ঠানের নিজস্ব লেটার হেড প্যাডে সীল মোহরকৃত খামে দরপত্র আহবান করা যাচ্ছে :

দরপত্র লট নং	ক্রমতাব্য মালামালের বিবরণ	দরপত্র দলিল (টেন্ডার ডকুমেন্ট) বিক্রয়ের স্থান ও সময়সূচী	দরপত্র দাখিলের স্থান ও সময়সূচী	দরপত্র খোলার স্থান ও সময়সূচী	দরপত্র দলিলের মূল্য অফেরৎযোগ্য (টাকা)	দরপত্র জামানত (টাকা)
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)	(৭)
১০০-০৯-০০১ জি	কম্পিউটার এবং কম্পিউটার এক্সেসরিজ	i) পরিচালক, পবিস মনিটরিং ব্যঃ ও পঃ (পঃ অঃ) পরিদপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, জোয়ার সাহারা, খিলক্ষেত, ঢাকা-১২২৯। ও (ii) যশোর পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর সদর দপ্তর, তপসীডাঙ্গা, যশোর।  ৩০/০৪/২০২৩ ইং তারিখ রবিবার হইতে ১৪/০৫/২০২৩ ইং তারিখ রবিবার বিকাল ০৪:০০ ঘটিকা পর্যন্ত	i) পরিচালক, পবিস মনিটরিং ব্যঃ ও পঃ (পঃ অঃ) পরিদপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, জোয়ার সাহারা, খিলক্ষেত, ঢাকা-১২২৯। ও (ii) যশোর পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর সদর দপ্তর, তপসীডাঙ্গা, যশোর।  ১৫/০৫/২০২৩ ইং তারিখ সোমবার বেলা ১১:০০ ঘটিকা পর্যন্ত	(i) পরিচালক, পবিস মনিটরিং ব্যঃ ও পঃ (পঃ অঃ) পরিদপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, জোয়ার সাহারা, খিলক্ষেত, ঢাকা-১২২৯। ও (ii) যশোর পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর সদর দপ্তর, তপসীডাঙ্গা, যশোর।  ১৫/০৫/২০২৩ ইং তারিখ সোমবার বেলা ১১:০৫ ঘটিকা।	১,৫০০/-	১,০০,০০০/-

- ০২। আগ্রহী দরদাতাগণ অফিস চলাকালীন সময়ে ০৩ নং কলামে বর্ণিত ঠিকানা সমূহ হতে অতিরিক্ত তথ্য সংগ্রহ করতে পারবেন। অত্র পবিস এর অনুকূলে যে কোন তফসীলি ব্যাংক হতে উপরে বর্ণিত ছকের কলাম-৬ এ উল্লেখিত নির্দিষ্ট পরিমাণ টাকার অফেরৎযোগ্য পে-অর্ডার/ব্যাংক ড্রাফট এর মাধ্যমে দরপত্র দলিল ক্রয় করতে পারবেন।
- ০৩। দরপত্র বিজ্ঞপ্তির ০৪ নং কলামে বর্ণিত স্থান ও সময়ের মধ্যে ব্যক্তিগতভাবে/বাহক মারফত দরপত্র দলিল দাখিল করতে হবে। বিলম্বে গৃহীত দরপত্র বাতিল করা হবে। **ডাক/কুরিয়ার যোগে কোন দরপত্র দলিল গ্রহণ করা হবে না।** অত্র পবিস এর অনুকূলে যে কোন তফসীলি ব্যাংক হতে প্রতিটি দরপত্রের জন্য উপরে বর্ণিত ছকের কলাম-৭ এ উল্লেখিত নির্দিষ্ট পরিমাণ দরপত্র জামানত পে-অর্ডার/ব্যাংক ড্রাফট/ব্যাংক গ্যারান্টি এর মাধ্যমে দরপত্রের সাথে সংযুক্ত করতে হবে। দাখিলকৃত সকল দরপত্র কলাম-৫ এ বর্ণিত সময়সূচী ও স্থানে দরদাতাদের উপস্থিতিতে (যদি কেহ উপস্থিত থাকেন) খোলা হবে।
- ০৪। দরপত্রের সাথে হালনাগাদ ট্রেড লাইসেন্স, আয়কর সনদ, ভ্যাট রেজিস্ট্রেশন, ব্যাংক সলভেন্সি সার্টিফিকেট ও অন্যান্য প্রয়োজনীয় কাগজপত্রের সত্যায়িত ফটোকপি সংযুক্ত করতে হবে। অসম্পূর্ণ দরপত্র দলিল বাতিল বলে গণ্য হবে।
- ০৫। কার্যাদেশ প্রাপ্ত প্রতিষ্ঠান কর্তৃক চুক্তি সম্পাদনের সময় ১০% পারফরমেন্স সিকিউরিটি প্রদান করতে হবে। যা মালামালের গুনগত মান সঠিক থাকা শর্তে ওয়ারেন্টি পিরিয়ড কাল শেষ হওয়ার ২৮ দিনের মধ্যে ফেরৎ প্রদান করা হবে।
- ০৬। দাখিলকৃত বিল হতে সরকারী নিয়মানুযায়ী ভ্যাট ও আয়কর কর্তণ করা হবে।
- ০৭। কার্যাদেশে উল্লেখিত সময়সীমার মধ্যে মালামাল সরবরাহ করতে ব্যর্থ হলে প্রতিদিন বিলম্বের জন্য কার্যাদেশ মূল্যের ১% এর ১/১০ অংশ হিসাবে জরিমানা কর্তণ করা হবে। তবে কোন অবস্থাতেই কর্তণযোগ্য জরিমানা মোট মূল্যের ১০% (দশ শতাংশ) এর অধিক হবে না।
- ০৮। দরপত্র সম্পর্কে কারও কোন জিজ্ঞাস্য/ব্যাখ্যার প্রয়োজন হলে তা দরপত্র দাখিলের জন্য নির্ধারিত সময়ের কমপক্ষে ০৩ (তিন) দিন পূর্বে নিম্ন ঠিকানায় লিখিতভাবে অনুরোধ জানাতে হবে।
- ০৯। উল্লেখিত শর্ত বর্হিভূত কোন সমস্যার উদ্ভব হলে সমিতি কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

“বিদ্যুৎ অপচয় রোধ করি, আলোকিত বাংলাদেশ গড়ি”

আবু বকর শিবলী  
জেনারেল ম্যানেজার  
যশোর পল্লী বিদ্যুৎ সমিতি-১